

ବାଚାନ୍ନାଥାଦିଭୋମା ମାସିନେ ଡାକେଣ୍ଡୁ/୧୨ ମାସର
 ମାସିକ ବାଚାନ୍ନ ଉପାଦାନାସିତି

୩ ଅବସ୍ଥାତି:- ଭୋମା ଚିତ୍ରାସିନ ମାସିନେ ଡାକେଣ୍ଡୁ
 (ବୋମାସିନ, ଡିନେଭୋମାସିନ, ବାଚାନ୍ନାଥା

୫ ଶୁନ:- ଭୋମାସିନ, ଡିନେଭୋମାସିନ

୬ ଅବସ୍ଥା:- ୧୫/୦୩/୨୦୨୨ (୦୩ - ବାଚାନ୍ନ ୧୦.୦୦ ଭୋମାସିନ

୩ ଅବସ୍ଥା ଡିନେଭୋମା-ଭୋମାସିନ ଡିନେଭୋମାସିନ (କ୍ରମ ଶୁଭାନ୍ତ:-

୧୧ ୧) ବାଚାନ୍ନାଥାସିନ, ଭୋମା (ବୋମାସିନ, ଡିନେଭୋମାସିନ - ୧୫/୦୩/୨୦୨୨

୧୨ ୨) ଭୋମାସିନ, ଡିନେଭୋମାସିନ, ଭୋମାସିନ " " - ୧୫/୦୩/୨୦୨୨

୧୩ ୩) ଭୋମାସିନ, ଡିନେଭୋମାସିନ, ବାଚାନ୍ନାଥାସିନ, ଡିନେଭୋମାସିନ - ୧୫/୦୩/୨୦୨୨

୧୪ ୪) ବୋମାସିନ, ଡିନେଭୋମାସିନ, ଡିନେଭୋମାସିନ, ବାଚାନ୍ନାଥାସିନ - ୧୫/୦୩/୨୦୨୨

୧୫ ୫) " " " " " " " " - ୧୫/୦୩/୨୦୨୨

୧୬ ୬) " " " " " " " " - ୧୫/୦୩/୨୦୨୨

୧୭ ୭) " " " " " " " " - ୧୫/୦୩/୨୦୨୨

୧୮ ୮) " " " " " " " " - ୧୫/୦୩/୨୦୨୨

୧୯ ୯) " " " " " " " " - ୧୫/୦୩/୨୦୨୨

୨୦ ୧୦) " " " " " " " " - ୧୫/୦୩/୨୦୨୨











୨୧ ୧୧) " " " " " " " " - ୧୫/୦୩/୨୦୨୨

୨୨ ୧୨) " " " " " " " " - ୧୫/୦୩/୨୦୨୨

୨୩ ୧୩) " " " " " " " " - ୧୫/୦୩/୨୦୨୨

অধ্যক্ষ-উপস্থিতি-বিভাগীয় প্রধানগণের সম্মুখীন (অধ্যক্ষ-উপস্থিতি-বিভাগীয় প্রধানগণের সম্মুখীন)

৩৩/ উপস্থিতি-প্রকৌশলী - প্রকৌশলী-আবুল কালাম সিদ্দিক

- ৩৬/ ডায়ালগ প্রকৌশলী, ডায়ালগ প্রকৌশলী - 
- ৩৭/ এম. এম. ফাহিম, UFPD - 
- ৩৮/ মোঃ আবু হান্নান, SAE, DPHE - 
- ৩৯/ মোঃ মাহমুদ রহমান, UEO - 
- ৪০/ মোঃ আবুল কালাম সিদ্দিক, USEO - 
- ৪১/ এ.এ.এম. মাহমুদ হোসেন, USSO - 
- ৪২/ মোঃ রহমান হোসেন, UAO - 
- ৪৩/ মোঃ (ফাহিম) রহমান, UDF, UADR - 
- ৪৪/ বিশিষ্ট প্রকৌশলী, F.A, ডায়ালগ প্রকৌশলী - 
- ৪৫/ মোঃ মোস্তাফিজুর রহমান, UCO - 
- ৪৬/ মোঃ মোস্তাফিজুর রহমান, UYDO - 
- ৪৭/ মোঃ হাফিজুর রহমান, RDO - 
- ৪৮/ আবুল কালাম সিদ্দিক, PIO - 
- ৪৯/ ডাঃ এম. এম. মাহমুদ হোসেন, ULO - 
- ৫০/ ডাঃ মোঃ মাহমুদ হোসেন, UH & FPO - 

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি

: ডিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান

: অফিসার্স ক্লাব, বাঘারপাড়া, যশোর

তারিখ ও সময়

: ১৬ সেপ্টেম্বর/২০২১ বৃহস্পতিবার, বেলা-১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

- ০১) জনাব মোঃ আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০২) বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০৩) প্যানেল মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব মোঃ আমিন উদ্দিন বিশ্বাস, চেয়ারম্যান(ভারপ্রাপ্ত), জহরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব মোঃ আবু তাহের আবুল সরদার, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব সুভাষ নাথ, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব মোঃ ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব মোঃ আয়ুব হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব মোঃ আবু সাঈদ, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

- ০১) জনাব মোঃ সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব কামরুল ইসলাম (টুটল), চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৪) আলিয়া বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০৫) লিপি খাতুন, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

- ০১) জনাব আবুল ফজল, উপসহকারী প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব জাম্বাতুল ফেরদৌস লাবনী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৩) এস, এম, জাফরী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব মোঃ আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব মোঃ মাহবুবুর রহমান, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব মোঃ আকরাম হোসেন খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব এ.টি. এম মাসুদ হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তার, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব মোঃ রুহুল আমিন, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব মোঃ ফেরদৌস রহমান, ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, বাঘারপাড়া, যশোর।
- ১০) বিপুল কুমার সরকার, এফএ, উপজেলা মৎস্য কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর।
- ১১) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সুমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১২) জনাব মোঃ সেলিমুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৩) জনাব মোঃ হাসান ইমাম, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৪) জনাব সামসুন নাহার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৫) ডাঃ এফ, এম মাল্লান কবীর, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৬) জনাব ডাঃ মোঃ শরিফুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

- ০১) ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর।

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন। সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি।	সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার।
০২.	পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরূপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির কোন সভা অত্র সভায় উপস্থাপিত হয়নি।	সামাজিক দুরত্ব বজায় রেখে স্থায়ী কমিটিসমূহের সভার নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানানো হয়।	১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ,
০৪	৪. উন্নয়নমূলক (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- (খ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা বৃদ্ধি উপপ্রকল্প প্রস্তাব সমূহ অনুমোদনঃ গত ০৫/০৮/২০২০ খ্রিঃ তারিখের উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক যাচাই-বাছাই পূর্বক সুপারিশকৃত সক্ষমতা বৃদ্ধি উপপ্রকল্প প্রস্তাবসমূহ পরিশিষ্ট-ক আকারে সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে উপপ্রকল্প প্রস্তাবসমূহ যেহেতু সময় উগযোগী এবং উপজেলার জনগণকে দক্ষতা বৃদ্ধির ক্ষেত্রে ব্যাপক ভূমিকা রাখবে সুতরাং বর্ণিত সক্ষমতা বৃদ্ধি উপপ্রকল্প প্রস্তাবসমূহ পরিশিষ্ট-ক সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। তৎপক্ষে উপপ্রকল্পসমূহ বাস্তবায়ন করার লক্ষ্যে সকল কার্যক্রম সম্পন্ন করে প্রকল্প কার্যালয়ের অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে প্রেরণ করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ, বাঘারপাড়া, যশোরকে অনুরোধ জানানো হয়।	(ক) সক্ষমতা বৃদ্ধি উপপ্রকল্প প্রস্তাবসমূহ পরিশিষ্ট-ক সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ৩। উপজেলা প্রকৌশলী ৪। ইউডিএফ, বাঘারপাড়া
০৫.	আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব) (ক) উপজেলা রাজস্ব তহবিলের অফিস সরঞ্জাম ক্রয়(টিএন্ডওই) খাত থেকে টিএন্ডওই ভুক্ত যন্ত্রপাতি ক্রয়ঃ উপজেলা পরিষদের টিএন্ডওই ভুক্ত যন্ত্রপাতির মধ্যে একটি ডেস্কটপ কম্পিউটার ও একটি এইচপি প্রিন্টার ২০২১ সালে ক্রয় করা হয়েছিল যা কিছুদিন পূর্বে বর্জ্যপাতে অন্যান্য সরঞ্জামাদির সহিত নষ্ট হয়ে যায়। পরবর্তীতে উক্ত ডেস্কটপের মাদারবোর্ড পরিবর্তন করা হলেও তা সঠিকভাবে কর্মক্ষম হয়নি। যা ব্যবহার অনুপযোগী এবং মেরামত করতে নতুন ক্রয়ের থেকে বেশি ব্যয় হবে। সুতরাং উপজেলা পরিষদের গুরুত্বপূর্ণ কর্মকান্ড ব্যাহত হচ্ছে মর্মে সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে যেহেতু বর্তমানে উপজেলা পরিষদের কর্মপরিধি বৃদ্ধি পেয়েছে, সুতরাং বর্ণিত পুরাতন মালামাল বিনষ্ট ঘোষণা করা হয় এবং উপজেলা পরিষদের জন্য ভালো মানের ব্যান্ডের একটি ডেস্কটপ কম্পিউটার, একটি উন্নত লেজার প্রিন্টার ক্রয় করার লক্ষ্যে একটি প্রকল্প ও নিম্নরূপ প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হয়। প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ ১। কামরুল ইসলাম টুটুল, চেয়ারম্যান জামদিয় ইউপি, বাঘারপাড়া, যশোর- সভাপতি ২। মো: আবু সাঈদ, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি, বাঘারপাড়া - সদস্য ৩। ইউডিফ, ইউজিডিপি, বাঘারপাড়া, যশোর- সদস্য ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর- সদস্য ৫। অজয় কুমার পাল, সহকারী প্রোগ্রামার (আইসিটি), বাঘারপাড়া, যশোর- সদস্য-সচিব	(ক) গঠিত কমিটিকে বর্ণিত যন্ত্রপাতি ক্রয় কার্য সঠিকভাবে সম্পাদন করে চেয়ারম্যান, উপজেলা পরিষদের বরাবর বিল দাখিল করার জন্য বলা হয়।	(ক) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ৩। গঠিত কমিটি

(খ) উপজেলা পরিষদের নতুন ভবনে ভাইস চেয়ারম্যানদ্বয়, ইউডিএফ এর অফিস রুমের জন্য নতুন পর্দা কিছু আসবাবপত্র এবং স্টেনো, উপজেলা পরিষদের রুমের জন্য আসবাবপত্র ক্রয়: উপজেলা পরিষদের নব নির্মিত কমপ্লেক্স ভবনে উঠার ক্ষেত্রে উপজেলা পরিষদের দুইজন ভাইস চেয়ারম্যানের রুমের জন্য পর্দা, ক্রোকারিজ সামগ্রী, ফাইল ক্যাবিনেট, কিছু প্ল্যাস্টিকের চেয়ার ও ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর বসার জন্য চেয়ার টেবিল, ফাইল কেবিনেট, পর্দা এবং স্টেনো, উপজেলা পরিষদের রুমের জন্য একটি আলমারী(লকারসহ), ফাইল ক্যাবিনেট, চেয়ারম্যান, উপজেলা পরিষদের রুমের জন্য কিছু প্ল্যাস্টিকের চেয়ার ক্রয় করা প্রয়োজন মর্মে সকলে চেয়ারম্যান উপজেলা পরিষদের নিকট আবেদন জানিয়েছেন, যার প্রেক্ষিতে চেয়ারম্যান, উপজেলা পরিষদের নির্দেশনা মোতাবেক সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপস্থাপনকৃত ফার্নিচার ও মালামালসমূহ ক্রয়কার্য বাস্তবায়নের জন্য নিম্নরূপ একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হয়।

বর্ণিত ফার্নিচার ও মালামাল ক্রয় কার্য বাস্তবায়ন কমিটিঃ

- ১। জনাব আঃ রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর- সভাপতি
- ২। এস.এম খালেদুজ্জামান, উপসহকারী প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর- সদস্য
- ৩। চেয়ারম্যান, জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর- সদস্য
- ৪। ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, বাঘারপাড়া, যশোর- সদস্য
- ৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর- - সদস্য-সচিব

(গ) মুজিব শতবর্ষে উপজেলা পরিষদের রাজস্ব ভহবিল হতে ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণ:- স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখার ০৪/০১/২০২১খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬০.২০২০-১১ নং স্মারকপত্র ও ১৭/১২/২০২০খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৪.২০১৯-১২৪০/১(১০) নং স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক অত্র উপজেলায় ভূমিহীন ও গৃহহীনদের জন্য ০১টি গৃহ নির্মাণ করে দেওয়ার বিষয়ে গত মার্চ/২০২১ মাসের উপজেলা পরিষদের মাসিক সভায় বর্ণিত স্মারকে প্রদত্ত রূপরেখা মোতাবেক প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হয়। কিন্তু প্রকল্পের স্থান অত্র উপজেলার জহরপুর ইউনিয়নের দূরবর্তী এলাকায় হওয়ায় বর্ণিত কমিটির পক্ষে সার্বক্ষণিক তদারকি করে সুষ্ঠুভাবে কার্যক্রম বাস্তবায়ন এবং উদ্ভুক্ত স্থানীয় সমস্যাসমূহ সমাধান করা খুবই দূরহ ব্যাপার। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্প বাস্তবায়ন করার জন্য নিম্নরূপ একটি উপ-কমিটি গঠন করা হয় এবং গঠিত উপ-কমিটিকে প্রকল্প কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন পূর্বক মূল কমিটিকে কাজ দেখিয়ে সঠিকভাবে কাজ বাস্তবায়নের প্রত্যয়নসহ চেয়ারম্যান, উপজেলা পরিষদের নিকট বিল দাখিল করার জন্য বলা হয়।

প্রকল্প বাস্তবায়ন উপ-কমিটিঃ

- ১। মোঃ আমিন উদ্দীন বিশ্বাস, চেয়ারম্যান, জহরপুর ইউপি, বাঘারপাড়া, যশোর- সভাপতি
- ২। হাফিজুর রহমান, সদস্য, জহর ইউপি, বাঘারপাড়াম যশোর - সদস্য
- ৩। সাইদুর রহমান সাইদ, সদস্য, জহর ইউপি, বাঘারপাড়াম যশোর - সদস্য
- ৪। ইত্তাজ উদ্দিন মোল্যা, সমাজ সেবক, বেতালপাড়া, যশোর - সদস্য
- ৫। উত্তম কুমার বিশ্বাস, উপসহকারী প্রকৌশলী(এসএমও ডিএমআরপিএ), উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়, বাঘারপাড়া, যশোর- সদস্য সচিব

(ঘ) ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের ভ্রমণ ব্যয় বিলঃ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর এর জানুয়ারী/২০২১ হতে আগস্ট/২০২১ মাসের ভ্রমণ ব্যয় বিবরণী সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে ভ্রমণ ব্যয় বিবরণীগুলি অনুমোদন করা হয় এবং বিধি মোতাবেক বর্ণিত ভ্রমণ ব্যয় বিবরণী অনুযায়ী ভ্রমণ বিল প্রদানের পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।

(খ) গঠিত কমিটিকে বর্ণিত ফার্নিচার ও মালামাল ক্রয় কার্য সঠিকভাবে সম্পাদন করে চেয়ারম্যান, উপজেলা পরিষদের বরাদ্দ বিল দাখিল করার জন্য বলা হয়।

(গ) গঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটিকে সঠিকভাবে কার্যক্রম দেখে প্রত্যয়ন প্রদানের জন্য বলা হয় এবং গঠিত উপ-কমিটিকে প্রকল্প কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন পূর্বক মূল কমিটিকে কাজ দেখিয়ে সঠিকভাবে কাজ বাস্তবায়নের প্রত্যয়নসহ চেয়ারম্যান, উপজেলা পরিষদের নিকট বিল দাখিল করার জন্য বলা হয় এবং

(ঘ) বিধি মোতাবেক বর্ণিত ভ্রমণ ব্যয় বিবরণী অনুযায়ী ভ্রমণ বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ)
১। চেয়ারম্যান,
উপজেলা পরিষদ
২। উপজেলা
নির্বাহী অফিসার,
বাঘারপাড়া
৩। গঠিত কমিটি

(খ)
১। চেয়ারম্যান,
উপজেলা পরিষদ
২। উপজেলা
নির্বাহী অফিসার,
বাঘারপাড়া
৩। গঠিত কমিটি
৪। গঠিত উপ-
কমিটি

(ঘ)
১। চেয়ারম্যান,
উপজেলা পরিষদ
২। উপজেলা
নির্বাহী অফিসার,
বাঘারপাড়া

	(ঙ)করোনা ভাইরাস(কোভিড-১৯) সংক্রান্ত:- বর্তমানে সারা বিশ্বের সহিত বাংলাদেশে করোনা ভাইরাস(কোভিড-১৯) এর প্রভাব দেখা দেওয়ায় কারণে করোনা ভাইরাস প্রতিরোধে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ১৬/০৮/২০২১খ্রিঃ তারিখের ৪৬.০০.২০.০০০০.০৪৫.২০.০০৪.২১-৪৫৪ নং স্মারকে বরাদ্দকৃত ৩,৮৩,০০০/- টাকার বিষয়ে সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বলা হয় যেহেতু সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলে দিয়েছে সেহেতু শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এবং উপজেলার জনসাধারণের মাঝে করোনা ভাইরাস প্রতিরোধমূলক সামগ্রী বিতরণ করা প্রয়োজন। সেলক্ষ্যে উক্ত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিষদ (চুক্তি সম্পাদন) বিধিমালা-২০১০ অনুযায়ী কোটেশন আহবানের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।	(ঙ)বিধি অনুযায়ী কোটেশন আহবানের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।	(ঙ) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ৩। উপজেলা প্রকৌশলী
০৬.	অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যাকৃত/শ্রেণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ) কোন সুপারিশ নাই	---	---
০৭.	সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	(ক) উপজেলা প্রকৌশলীর পক্ষে জনাব আবুল ফজল সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কর্মকর্তা সুষ্ঠুভাবে চলমান আছে। (খ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, নিরাপত্তার জন্য নিয়োজিত আনসারদের ব্যারাক নির্মানের জন্য প্রায় তিন মাস আগে কার্যাদেশ প্রদান করা হলেও এখনও কোন অগ্রগতি হচ্ছে না, এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত কার্যক্রম দ্রুততার সহিত বাস্তবায়ন না করলে কার্যাদেশ বাতিল করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করা হয়।	(ক) দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়। (খ) ঠিকাদারদের তাগিদ পত্র প্রদানের পরও কাজ বাস্তবায়ন না করলে কার্যাদেশ বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা প্রকৌশলী
খ. স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, ২৩টি কমিউনিটি ক্লিনিকে ২০৫১০ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৬২১জন রোগীকে জটিলতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বহিঃ বিভাগ থেকে ৬২৯৪ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৩৬১ জন রোগীকে অন্তঃ বিভাগে ভর্তি পূর্বক চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়া গত মাসে ৩৫ জন স্বাভাবিক ডেলিভারী এবং ১২ জন রোগীকে সিজারিয়ান অপারেশন করা হয় এবং ১৫৬ রোগীকে VIA পরীক্ষা করা হয়। ইপিআই বিসিজি, পিসিভি ও পেন্টা এবং টিটি সেবা প্রদান করা হচ্ছে। মাঠ পর্যায়ে মাঠ কর্মীগণ ইপিআই ও স্বাস্থ্য সেবা অব্যাহত রয়েছে। কোভিড-১৯ টিকাদান কার্যক্রম চলমান। কোভিড-১৯ মোট টীকা এ পর্যন্ত নিবন্ধন হয়েছে ৫৫২১৬জন। টীকা দেওয়া হয়েছে ১ম ডোজ ১৯৫৭৯ এবং ২য় ডোজ ১১৮৮৬জনকে। এ পর্যন্ত টীকার কোন পার্শ্ব প্রতিক্রিয়া পাওয়া যায়নি। আইসোলেশন ২৫টি বেড প্রস্তুত আছে এবং ডাক্তারদের রোস্টার করা আছে ও ২০টি অক্সিজেন সিলিন্ডার প্রস্তুত আছে। সন্দেহজনক রোগীর স্যাম্পল পাঠানো অব্যাহত আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।

গ.কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, খরিফ-২ মৌসুমে ১৬৯০০হেঃ জমিতে রোপা আউশ ধানের আবাদ করা হয়েছে, উক্ত চাষে রোগ ও পোকা দমনে পার্টিং কার্যক্রম, আলোক ফীদ স্থাপন ও কৃষকদের সার্বিক পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া ৮৫০হেঃ জমিতে সবজি, তিল-১১০হেঃ মুগ-৩০হেঃ, গ্রীষ্মকালীন টমেটো-১৫হেঃ আখ-৮৫হেঃ, পান-২৯হেঃ, মরিচ-৩০হেঃ জমিতে চাষ করা হয়েছে এবং বিভিন্ন ফসলের চাষাবাদের প্রস্তুতি চলছে। ফসলের সার্বিক অবস্থা ভালো। উপজেলা সারের মজুদ পরিস্থিতি ইউরিয়া-২০১মেঃটন, টিএসপি-৩৭মেঃটন, ডিএপি-১৬১মেঃটন, এমওপি-৮৫মেঃটন।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা।
ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানান যে, অত্র মাসে বাঘারপাড়া উপজেলায় উপজেলা প্রশাসনের সহায়তায় মৎস্য সুরক্ষা ও সংরক্ষন বিধিমালা ১৯৮৫ অনুযায়ী চিত্রা নদীর ভুলবাড়িয়া, আনন্দনগর অংশ হতে ৫টি চায়না জাল, ভেসাল জাল ও সুতিজাল বিনষ্ট করা হয়েছে। অবৈধ জাল ব্যবহার ও পাটাবাদ না দেবার জন্য মাইকিং এ প্রচারণা করা হয়। রাজস্ব বাজেটের আওতায় ১৯টি প্রতিষ্ঠানি জলাশয় ও চিত্রা নদীতে মোট ৪০৮কেজি মাছের পোনা ছাড়া হয়। উপজেলা প্রশাসনের সহায়তায় মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপন সফলভাবে সম্পন্ন করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, এ মাসে ১২৩৪টি গাভীকে কৃত্রিম প্রজনন, ২৯৪০টি গবাদি প্রাণী ও ৬২০০০ হাঁস-মুরগীর টিকা প্রদান, ২২২৭টি গবাদি প্রাণী ও ৮৯৮৭টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান, প্রশিক্ষার্থী-২৫জন, খামার রেজিঃ-০৪টি, দুধ উৎপাদন-২২১৮ মে.টন, মাংস উৎপাদন-১২৩৯মে.টন, ডিম উৎপাদন-০.৩৩লক্ষ। এছাড়াও বিভিন্ন প্রকল্পের কাজ চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসে বা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, প্রতিবন্ধী শিক্ষার্থী উপবৃত্তি এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হয়েছে। বয়স্ক ভাতা, বিধবা/স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী মৃত ভাতাপ্রাপ্তাদের শতভাগ ভাতার অনলাইন কার্যক্রম চলমান আছে। বরাদ্দ প্রাপ্তির পর পরবর্তী কার্যক্রম শুরু করা হবে। বয়স্ক ভাতার আবেদন-৫৫৪২জন বিধবা/স্বামী নিগৃহীতা ভাতার আবেদন ৩১১৩জন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সন্তোষজনক।	ভাতা প্রদান ও দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানা যে, আগষ্ট/২০২১ মাসে উপজেলার মোট সক্রম দম্পতির সংখ্যা ৪৮৫৬৪জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৬৫৪২(চক্র) কনডম ১১৪১৯(পিস) ইনজেকটেবল ৯০৩জন আইইউডি ০৯জন, ইমপ্লান্ট ৪৭জন, স্থায়ী পদ্ধতি পুরুষ ০০জন, মহিলা ০০ মোট ০০ জন।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.শিক্ষা বিভাগ (প্রাথমিক):	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, কোভিড-১৯ পরিস্থিতিতে দীর্ঘদিন বিদ্যালয় বন্ধ থাকার পর গত ১২/০৯/২০২১খ্রিঃ তারিখে সারা দেশের ন্যয় অত্র উপজেলার সকল সরকারী প্রাথমিক বিদ্যালয় চালু হয়েছে। বিদ্যালয়ের শিক্ষক ও ছাত্র/ছাত্রী সকলের জন্য স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ে উপস্থিতি নিশ্চিত করা হয়েছে।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
ঝ.শিক্ষা বিভাগ (মাধ্যমিক):	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার পক্ষে জানান যে, কোভিড-১৯ পরিস্থিতিতে দীর্ঘদিন বিদ্যালয় বন্ধ থাকার পর গত ১২/০৯/২০২১খ্রিঃ তারিখে সারা দেশের ন্যয় অত্র উপজেলার সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় চালু হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
ঞ.পল্লী উন্নয়ন বিভাগ:	(ক) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার পক্ষে এআরডিও সভায় জানান যে, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২২৮টি সমিতির ৬৫৮৯জন সমবায়ীর মাঝে ২০২০-২১ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্য মাত্রা ৪৯৮.০১ লক্ষ টাকা। তন্মধ্যে চলতি আর্থিক বছরে ৪৭০ জন সদস্যের মধ্যে ১৭০.২৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে।	(ক) দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

ট. যুব উন্নয়ন দপ্তর:	(ক) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানা যায় যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। তিনি আরো জানান যে তার দপ্তরের এ পর্যন্ত মোট ৯৯১৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, যার মধ্যে ৫২৮৫জন পুরুষ ও ৪৬৩৩ জন মহিলা। যে প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্যে থেকে ৯৬৩জন যুব ও ৫৮৯ জন যুব মহিলা সহ মোট ১৫৫২ জনকে ঋন হিসাবে ৪,২২,০১,৩০০/- টাকা প্রদান করা হয়েছে। যার আদায় হার ৯৬%।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ:	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। গত মাস পর্যন্ত নিবন্ধন ৪৭০টি, আদায়যোগ্য অডিট ফি সাধারণ-৮২৭১০/-, পটবো- ২৪৮০০/-, আদায়কৃত অডিট ফি সাধারণ- ৪৯৮৯০/-, পটবো-০০/- আদায়ের হার- ৪৬%, সিডিএফ ধার্য ও আদায় সাধারণ-৫৭১৫২/-, পটবো- ৭৪৩৮/-, আদায়কৃত অডিট ফি সাধারণ-৫৭১৫২/-, পটবো-৭৪৩৮/- আদায়ের হার- ১০০%। প্রাথমিক সাধারণ সমবায় সমিতি-৬০টি, অডিট সম্পাদন-০৪টি, অডিট নোট দাখিল-০৪টি, অডিট নোট বাকি-০০টি। পরিদর্শন অগ্রগতি বিগত মাস পর্যন্ত ০০টি বর্তমান মাসে সম্পাদন ৬ মোট সম্পাদন-০৬টি। অবসায়নে ন্যস্ত সমিতির সংখ্যা ০২টি, অবসায়ন কার্যক্রম সম্পাদন সমিতির সংখ্যা-০০টি, অবসায়ন কার্যক্রম সম্পাদন বাকী সমিতির সংখ্যা- ০২টি।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। তিনি আরো জানান যে ভিজিডি এর সেপ্টেম্বর/২১ ডিও প্রদান করা হয়েছে, খাদ্য বিতরণ চলমান রয়েছে। মাতৃত্বকাল ভাতাভোগী ৯৮১জন চলমান আছে। ১২তম ব্যাচের প্রশিক্ষণের জন্য যাচাই বাছাই কার্যক্রম চলমান আছে। কিশোর কিশোরী ক্লাবের ক্রীড়া সামগ্রী ও অন্যান্য মহিহারি বিতরণ করা হয়েছে এবং কার্যক্রম চলমান আছে। বাল্যবিবাহ, নারী নির্যাতন, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠান বৈঠক ও সচেতনতা মূলক সভা চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ণ. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে আকারে চলমান রয়েছে। তিনি আরো জানান যে, গত ১২.০৯.২০২১ খ্রিঃ তারিখে স্কুল খোলার ঘোষণা হওয়ার পর আমাদের চীফ ইঞ্জিনিয়ার স্যারের নির্দেশনা ছিল সমস্ত সরকারি প্রাথমিক বিদ্যালয় গুলোর সুপেয় পানি উৎস ও ওয়াশ ব্লকের কোন ত্রুটি থাকলে তা ১২/০৯/২১ তারিখের মধ্যে ব্যবহার উপযোগি করতে হবে। সেই নির্দেশনা মোতাবেক বাঘারপাড়া উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে খৌজ নিয়ে মাত্র ০১ (এক) টি স্কুলের খাবার পানির উৎসে সমস্যা পাওয়া যায় এবং সেটি মেরামত করে পানযোগ্য পানি সরবরাহ সুনিশ্চিত করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ত. বন বিভাগ	ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর অনুপস্থিত থাকায় ও দাপ্তরিক কার্যপত্র না দেওয়ায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর

০৮.বিবিধ	(ক) উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া জানান যে, উপজেলা পরিষদের (কার্যক্রম বাস্তবায়ন) বিধিমালা, ২০১০ এর ৪(২) অনুচ্ছেদ অনুযায়ী "কার্যপত্র ব্যতিরেকে কোন বিষয় আলোচনার জন্য গ্রহন করা হইবে না" এবং ২(৮) অনুযায়ী অবশ্যই সর্বনিম্ন ৭২ ঘণ্টা পূর্বে প্রয়োজনীয় সকল কাগজপত্র প্রেরণ করতে হবে। কিন্তু বর্তমানে দেখা যাচ্ছে অত্র উপজেলা পরিষদের হস্তান্তরিত দপ্তরের বেশিভাগই কার্যপত্র প্রদান করেন না অথবা করলেও সভার দিন/ সভার পরে প্রদান করেন, যা বিধিমালা বহির্ভূত। সুতরাং সংশ্লিষ্ট সকলকে পরবর্তীতে বিধিমালা অনুযায়ী কার্যপত্র প্রদান করার জন্য অনুরোধ জানানো হয়। (খ) জনাব মোঃ আবু সাঈদ, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি জানান যে তার ইউনিয়ন পরিষদের জায়গা অবৈধ দখল হয়ে যাচ্ছে। সুতরাং পরিষদের জায়গা সঠিকভাবে নির্ধারণ করে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করেন। (গ) জনাব আবু মোতালেব তরফদার, চেয়ারম্যান, দোহাকুলা ইউপি বলেন যে এবার এডিপি থেকে যাদের মাঝে মাঝে বিতরণ করা হয়েছে তাদের অনেকের পুকুর নাই, এ বিষয়ে ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন। (ঘ) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সকলকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ জানান। (ঙ) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সকল সেবা প্রদানের বিষয়ে আরো আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানান।	(ক) সংশ্লিষ্ট বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।	(ক) সংশ্লিষ্ট সকল
----------	--	---	-------------------

অতঃপর অধ্যাকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


 ভিক্টোরিয়া পারভীন সাখী
 সভাপতি
 ও
 চেয়ারম্যান
 উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।


উপজেলা পরিষদ বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ০৫.৬৫৪.০০৬.১৩.১৫.০১৮.২০২০-৭৫(৫০)

তারিখঃ ১৯/ ০৯/ ২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯. মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১. চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, বাঘারপাড়া, যশোর।
১২. লীপি খাতুন/ আলেয়া বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।


 তানিয়া আফরোজ
 উপজেলা নির্বাহী অফিসার
 বাঘারপাড়া, যশোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প
স্থানীয় সরকার বিভাগ, বাঘারপাড়া, যশোর।

পরিশিষ্ট "ক"

(জাইকার অর্থায়নে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক পরিচালিত বাঘারপাড়া উপজেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের" আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে বাস্তবায়নের জন্য সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পসমূহের তালিকা)

ক্রঃ নং	উপ-প্রকল্পের নাম	প্রশিক্ষার্থীর সংখ্যা	বাস্তবায়নকারী দপ্তর/ বিভাগ	মন্তব্য
১	রপ্তানীমুখী শাক সবজি ও ফল প্রক্রিয়াকরণ বিষয়ে কৃষক প্রশিক্ষণ।	৫০	উপজেলা কৃষি অফিস, বাঘারপাড়া, যশোর।	২টি ব্যাচ
২	বেকার যুব যুবতিদের আত্মকর্মসংস্থানের জন্য রেফ্রিজারেটর ও এসি মেরামত বিষয়ক প্রশিক্ষণ।	৩০	উপজেলা যুব উন্নয়ন অফিস, বাঘারপাড়া, যশোর।	১টি ব্যাচ
৩	বেকার যুব যুবতিদের আত্মকর্মসংস্থানের জন্য ফ্রি ল্যান্ডিং প্রশিক্ষণ।	২০	উপজেলা যুব উন্নয়ন অফিস, বাঘারপাড়া, যশোর।	১টি ব্যাচ
৪	করোনা পরবর্তী পূর্ণবাসনের জন্য আড় কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গ্রাফিক্স ডিজাইন সংক্রান্ত প্রশিক্ষণ।	২০	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, বাঘারপাড়া, যশোর।	১টি ব্যাচ
৫	খাচায় মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ।	৭০	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, বাঘারপাড়া, যশোর।	২টি ব্যাচ
৬	প্রাথমিক শিক্ষার মানন্যায়নের লক্ষ্যে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও প্রধান শিক্ষকদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ।	১০০	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, বাঘারপাড়া, যশোর।	৪টি ব্যাচ
	সর্বমোট প্রশিক্ষার্থী (সম্ভাব্য):	২৯০		


মোঃ ফেরদৌস রহমান
উপজেলা ডেপুটি ম্যাজিস্ট্রেট
উপজেলা পরিচালন ও উন্নয়ন